# সংসদে বিরোধীদলীয় নেতা জামায়াত আমির, চিফ হুইপ নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতৃত্বে আসছেন ডা. শফিকুর রহমান। আর বিরোধীদলীয় চিফ হুইপের দায়িত্ব পাচ্ছেন নাহিদ ইসলাম।

সংসদ সদস্যদের শপথগ্রহণ শেষে বিরোধী জোটের সংসদীয় দলের বৈঠকে এ সিদ্ধান্ত হয় বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। মঙ্গলবার শপথের আনুষ্ঠানিকতা শেষ হওয়ার পরই বিষয়টি নিশ্চিত করা হয়।

বিরোধীদলীয় উপনেতা হিসেবে দায়িত্ব পালন করবেন ডা. আব্দুল্লাহ মোহাম্মদ তাহের। পাশাপাশি হুইপের দায়িত্বে থাকছেন মাওলানা রফিকুল ইসলাম খান।

জোট সংশ্লিষ্ট একাধিক সংসদ সদস্য জানান, বৈঠকে সর্বসম্মতভাবে এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শিগগিরই ১১–দলীয় জোটের পক্ষ থেকে যৌথ সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হবে।

LENS ASIA